

## এমএড প্রোগ্রাম TMA (Tutor Marked Assignment) তৈরির নির্দেশনা

- TMA অবশ্যই স্বহস্তে লিখতে হবে (কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়)।
- TMA ৪০০-৫০০ শব্দের মধ্যে হতে হবে।
- TMA তৈরিতে প্রশিক্ষণার্থীকে স্বকীয়তা ও সৃজনশীলতা প্রয়োগ করতে হবে।
- TMA -এর কাঠামো হবে নিম্নরূপ:

ক. একটি কাভার পৃষ্ঠা থাকবে। কাভার পৃষ্ঠায় কোর্সের নাম, কোড নম্বর, বিষয়বস্তু, শিক্ষার্থীর আইডি, শিক্ষাবর্ষ, ব্যাচ, সিমেন্টার, স্টাডি সেন্টারের নাম, টিউটরের নাম ও পদবি উল্লেখ থাকবে।

খ. ভিতরে প্রথম পৃষ্ঠায় সূচিপত্র থাকবে।

গ. দ্বিতীয় পৃষ্ঠা থেকে বিষয়বস্তু এবং সংকেত (যদি থাকে) অনুসারে ধারাবাহিক বর্ণনা থাকবে।

ঘ. সর্বশেষ পৃষ্ঠায় TMA তৈরিতে যে সকল গ্রন্থ ও অন্যান্য উৎসের সহায়তা নেয়া হয়েছে তার একটি গ্রন্থপঞ্জি থাকবে।

ঙ. TMA A4 সাইজের অফসেট কাগজে প্রতি পৃষ্ঠার একপাশে লিখতে হবে এবং বাঁধাই-এর জন্য বাম পাশে তিনটি স্ট্যাপল করে তা স্কচটেপ দিয়ে ঢেকে দিতে হবে (স্পাইরাল বা অন্য কোন প্রকারের বাঁধাই করা যাবে না)।

- এমএড পরীক্ষার রুটিনের সাথে TMA জমা দেওয়ার নির্দিষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকবে। শিক্ষার্থীবৃন্দ উল্লেখিত তারিখ ও সময়ে স্বশরীরে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট টিউটরের নিকট জমা দিতে হবে এবং স্বাক্ষর পত্রে স্বাক্ষর করতে হবে।
- কোন শিক্ষার্থীর TMA তৈরিতে নিম্নলিখিত কোন একটি অসুদপায় অবলম্বনের প্রমাণ পাওয়া গেলে উক্ত শিক্ষার্থীর TMA বাতিলসহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ক. TMA ছবছ কপি করা।

খ. স্বহস্তে না লিখে অন্য কোন ব্যক্তিকে দিয়ে লেখানো।

গ. TMA জমাদানে অবৈধভাবে অর্থের লেনদেন করা।

ঘ. TMA ফটোকপি করে জমাদান।

Sakiba Ferdousi  
16.03.2022

  
Professor Sufia Begum  
Dean  
School of Education  
Bangladesh Open University  
Gazipur-1705